# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## অর্থবছর : ২০২২-২০২৩

## উপজেলা পরিষদ

## রংপুর সদর উপজেলা, রংপুর।

CamScanner

## বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ভূমিকা ও প্রেক্ষাপট ঃ

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা হচ্ছে রংপুর সদর উপজেলা পরিষদের আগামী ১ বছরের বাস্তবায়নযোগ্য একটি উন্নয়ন পরিকল্পনা কাঠামো। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদে হস্তান্তরিত সকল দপ্তর, ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদসহ সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে কার্যকর সমন্বয় এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবে। উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তর এবং স্থানীয় ও জাতীয় প্রকল্পের মধ্যে কাজের দ্বৈততা ও অপ্রয়োজনীয় কার্যক্রম পরিহার, সম্পদের যথাযথ ব্যবহার, উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন তথা স্থানীয় পর্যায়েরর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য উপজেলা পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ ও সংশোধিত ২০১১) এর ৪২ ধারা মোতাবেক রংপুর সদর উপজেলা পরিষদ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়নের ক্ষেত্রে পরিস্থিতি বিশ্লেষন ও স্থানীয় জনগনের উন্নয়ন ভাবনাকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে উন্নয়ন অগ্রাধিকার ও উন্নয়ন কৌশল নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে উপজেলা উন্নয়ন প্রকল্প যাচাই বাছাই কমিটি এবং অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি কর্তৃক তথ্য সংগ্রহ, তথ্য সন্নিবেশ করা এব উন্নয়ন অগ্রাধিকার নির্ধারণের ক্ষেত্রে সহায়তা প্রদান করেছে।

জাতীয় পরিকল্পনা ২০২২-২৩ সেক্টোরাল উন্নয়ন পরিকল্পনা সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), জাতীয় উন্নয়ন অগ্রাধিকার, বার্ষিক উন্নয়ন কর্মসূচি, উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা এব স্থানীয় উন্নয়ন চাহিদার অগ্রাধিকারের ভিত্তিতে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। রংপুর সদর উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন হলে স্থানীয় পর্যায়ের জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে, ভিষন ২০২৩ অর্জন, ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ বিনির্মাণ, মধ্যম আয়ের দেশে উন্নয়ন এবং জাতীয় উন্নয়নে সহায়ক হবে।

মোছাঃ নাছিমা জামান ববি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রংপুর সদর, রংপুর।

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২২-২৩
## রংপুর সদর, রংপুর।

উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২২-২৩) নির্বাচিত ও পরিকল্পিত অগ্রাধিকার ভিত্তিক উন্নয়ন খাত এবং পরিকল্পিত অগ্রাধিকার ভিত্তিক উন্নয়ন উপ-খাতকে নিম্নবর্ণিতভাবে বিন্যাস করা হয়েছে ঃ

| পরিকল্পিত অগ্রাধিকার ভিত্তিক উন্নয়ন খাত | পরিকল্পিত অগ্রাধিকার ভিত্তিক উন্নয়ন উপ-খাত |
|---|---|
| স্বাস্থ্য সেবা | উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স,ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক সমূহে করোনা প্রতিরোধ মূলক উপকরণ সরবরাহ বিষয়ক প্রকল্প |
| | উপজেলার সকল ইউনিয়ন পরিষদে করোনা প্রতিরোধ মূলক উপকরণ সরবরাহ বিষয়ক প্রকল্প |
| | উপজেলার সকল ইউনিয়নে করোনা প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণের জন্য জনসচেতনতা তৈরির জন্য মাইকিং |
| | করোনা প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে মাস্ক, এন্টিসেপটিক সাবান ও হ্যান্ডস্যানিটাইজার বিতরণ প্রকল্প গ্রহণ |
| | কমিউনিটি ক্লিনিকের সংস্কার,সম্প্রসারণ এবং নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণ |
| | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আইসোলেশন ইউনিট নির্মাণ/রোগীদের ওয়ার্ড সম্প্রসারণ করন |
| | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কমিউনিটি ল্যাট্রিন ও বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডাস্টবিন নির্মাণ |
| | ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে পানির পাইপ লাইন ও টিউবওয়েল স্থাপন |
| | বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে হেলথ সার্ভিস প্রোভাইডারদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | গর্ভবতী নারীদের স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে সচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ |
| | শিক্ষার্থীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা বিষয়ে ক্যাম্পেইন |
| | স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের ব্লাড গ্রুপ নির্ণয়ে ক্যাম্পের আয়োজন করন |
| শিক্ষা | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চিং/মাল্টিমিডিয়া প্রেসিডিক নির্মাণ |
| | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ, চেয়ার ও আসবাবপত্র সরবরাহ করন |
| | সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ই-ফাইলিং ও ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ |
| | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান,ক্লাব ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানে খেলার উপকরণ সরবরাহ |
| | মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয় ভিত্তিক (ইংরেজি,গণিত) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ, কম্পিউটার ও সাউন্ড বক্স সরবরাহ |
| | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ উন্নয়ন/সংস্কার এবং সীমানা প্রাচীর নির্মাণ |
| | বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে বাই সাইকেল বিতরণ |
| | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আইসিটি ও ই-প্রাইমারী সিস্টেমে তথ্য আপলোড করা |
| | উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকদের বিষয়ভিত্তিক পাঠদানের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | উপজেলার শিক্ষার্থীদের বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ |
| | উপজেলার শিক্ষার্থীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ |
| জনস্বাস্থ্য | দরিদ্র জনগোষ্ঠির মাঝে স্যানিটারী ল্যাট্রিন ও টিউবওয়েল সরবরাহ |
| | হাট বাজারে নিরাপদ পানি সরবরাহের লক্ষে নলকূপ স্থাপন |
| | শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাট্রিন/ওয়াশব্লক নির্মাণ |
| | হাট-বাজারে কমিউনিটি ল্যাট্রিন ও টিউবওয়েল স্থাপন/পুনঃসংস্কার |
| | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক,টিউবওয়েল ও ল্যাট্রিন স্থাপন |
| | টিউবওয়েলের পানির আর্সেনিক পরীক্ষা করা |
| | শিক্ষার্থীদের হাইজিন ও স্যানিটেশন বিষয়ে জনসচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ |
| | বিভিন্ন হাট বাজারে কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ ও টিউবওয়েল স্থাপন |
| | শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক হ্যান্ডওয়াশিং প্লান্ট স্থাপন |
| কৃষি ও ক্ষুদ্র সেচ | বসতভিটায় সবজী চাষে কৃষকদের প্রশিক্ষণ |
| | মৌচাষীদের আধুনিক পদ্ধতিতে মৌচাষ বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইউ-ড্রেন নির্মাণ |
| | আধুনিক পদ্ধতিতে ফল চাষ সম্প্রসারণ বিষয়ে কৃষকদের দক্ষতা প্রশিক্ষণ |
| | উচ্চ ফলনশীল মসলা জাতীয় ফসল উৎপাদনে কৃষক প্রশিক্ষণ |
| | উপজেলার বিভিন্ন ইউনিয়নে কৃষকদের মাঝে স্প্রে - মেশিন সরবরাহ |
| | কৃষকদের মাঝে সার ও বীজ সরবরাহ করা |
| | বসত বাড়িতে ফল-সবজী চাষ ও সমন্বিত ফসল ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ |
| | রাস্তার পার্শে বৃক্ষ রোপন ও সামাজিক বনায়ন কর্মসূচি |
| | সেচ নালা নির্মাণ ও ইউ ড্রেন নির্মাণ |
| | কৃষকদের মাঝে ভার্মি কম্পোস্ট সার উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ ও উপকরণ প্রদান |

মোছাঃ নাছিমা জামান ববি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রংপুর সদর, রংপুর।

| | |
|---|---|
| কৃষি ও ক্ষুদ্র সেচ | কৃষকদের মাঝে ফুট পাম্প স্প্রেয়ার ও স্প্রে মেশিন সরবরাহ |
| | উচ্চ মূল্য সব্জী ও ফল চাষে কৃষকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | প্রাকৃতিক পদ্ধতিতে পোকা দমনে কৃষকদের সচেতনতা উন্নয়ন প্রশিক্ষন |
| | কৃষকদের মাঝে রিপার মেশিন সরবরাহ |
| | কীটনাশক,রাসায়নিক সার ও বীজ ডিলারদের সচেতনতা উন্নয়ন প্রশিক্ষণ |
| পরিবহন ও যোগাযোগ | উপজেলার বিভিন্ন রাস্তা,পুকুর পাড়ে প্যালাসাইডিং ও গাইডওয়াল নির্মাণ |
| | দেবীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে নলকূপ সরবরাহ |
| | উপজেলার বিভিন্ন রাস্তা এইচবিবি করন,রাস্তা নির্মাণ,রাস্তা/আরসিসি ঢালাই করন |
| | উপজেলার গ্রামীণ রাস্তায় ছোট ছোট কালভার্ট নির্মান ও সংস্কার |
| | উপজেলার বিভিন্ন ইউনিয়নের দুস্থ-দরিদ্র পরিবারের মধ্যে ঢেউটিন সরবরাহ |
| | পানি নিষ্কাষনের জন্য আরসিসি রিং পাইপ ও সারফেস ড্রেন নির্মাণ |
| | উপজেলার বিভিন্ন হাট বাজারে পয়:নিস্কাশন ও ড্রেনেজ নির্মাণ |
| | অবকাঠামো কার্যক্রম বাস্তবায়নে রাজমিস্ত্রীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | রং মিস্ত্রিদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ |
| | নিরাপদ সড়ক পরিবহনে মোটর শ্রমিকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | উপজেলার গুরুত্বপূর্ন সড়কের পার্শ্বে নিরাপত্তা সৌর বাতি স্থাপন |
| | বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | রাস্তার পার্শ্ব ভাঙ্গন রোধের ব্যবস্থা গ্রহন ও জরুরী রক্ষণাবেক্ষণ কার্যক্রম |
| | ব্রীজ/কালভার্টের এপ্রোচ রক্ষণাবেক্ষন |
| মৎস্য ও প্রাণিসম্পদ | মিশ্র মাছ চাষ বিষয়ে মাছ চাষীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | গাভী পালন বিষয়ে কৃষকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | মজাপুকুর, মড়া নদী ও মড়া খাল খননের মাধ্যমে মৎস সম্পদের উন্নয়ন |
| | দেশীয় পদ্ধতিতে গরু মোটাতাজাকরণ বিষয়ে প্রশিক্ষন |
| | গ্রামীণ মৎস্য খামার উন্নয়ন এবং নতুন নতুন মৎস্য অভয় আশ্রম সৃষ্টি করন |
| | আধুনিক পদ্ধতিতে হাঁসের খামার ব্যবস্থাপনা বিষয়ে খামারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | নিরাপদ মাংস বৃদ্ধির লক্ষ্যে আধুনিক প্রযুক্তির মাধ্যমে গবাদীপশু খামারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | আধুনিক পদ্ধতিতে গবাদীপশুর সুষম খাদ্য প্রক্রিয়াকরণে খামারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | গবাদী পশুর চিকিৎসার জন্য খুরা রোগ ও কৃমিনাশক ভ্যাকসিন সরবরাহ |
| যুব ক্রীড়া, সংস্কৃতি | শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য মাদক বিরোধী প্রচারনা/ক্যাম্পেইন |
| | বেকার যুবক ও যুব মহিলাদের জন্য কম্পিউটার ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণ |
| | বেকার যুবকদের দক্ষতা বৃদ্ধিমুলক ও কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ |
| | উপজেলার বিভিন্ন ইউনিয়নে খেলাধুলার উপকরন সরবরাহ |
| | বেকার যুবদের জন্য গরু মোতাকরণ বিষয়ক প্রশিক্ষন |
| | শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাব সংগঠনে খেলাধুলার উপকরণ সরবরাহ |
| | বেকার যুব মহিলাদের জন্য ব্লক/বাটিক ও সেলাই প্রশিক্ষন |
| | বিউটি পার্লার বিষয়ে যুব মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| মহিলা ও শিশুকল্যাণ | নারীদের জন্য পাটের ও বাশের জিনিস পত্র তৈরী বিষয়ক প্রশিক্ষন |
| | গ্রামীন মহিলাদের আর্থ-সামাজিক ও দক্ষতা উন্নয়নের জন্য ব্লক বাটিক প্রশিক্ষণ |
| | বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে প্রচারনা |
| | কিশোরী ক্লাবের সদস্যদের জীবন দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষন |
| | শিক্ষা প্রতিষ্ঠানে কিশোরীদের জন্য স্বাস্থসম্মত স্যানিটারী ন্যাপকিন সরবরাহ |
| | দুস্থ নারীদের জন্য সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ |
| | বেকার যুব মহিলাদের দর্জি প্রশিক্ষন |
| | যুবক ও যুব মহিলাদের অগ্রাধিকার মুলক ক্ষুদ্র ও কুঠির শিল্পের উপর প্রশিক্ষণ |
| পল্লী উন্নয়ন ও সমবায় | পরিবার পর্যায়ে সমন্বিত খামার ব্যবস্থাপনা বিষয়ে প্রান্তিক জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | গ্রামীন নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিউটি পার্লার বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন |
| | ক্ষুদ্র পানি সম্পদ উন্নয়ন ও সমবায় সমিতির প্রতিনিধি ও অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম |

উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।

মোছাঃ নাজিমা জামান ছবি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রংপুর সদর, রংপুর।